



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

BANGLADESH POWER DEVELOPMENT BOARD

অফিসঃ
শ্রম ও কল্যাণ পরিদপ্তর
ওয়াপদা বিল্ডিং (১০ম/১১শতলা)
মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

স্মারক নং-২২-বিউবো(শ্রম)/১/বিবিধ-৬/২০১৬

তারিখঃ ২১/০৯/২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিগত ১৮-০৭-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৬৭৩ তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্তক্রমে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল দপ্তর/বিদ্যুৎ কেন্দ্র ও স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা এবং বোর্ডে কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও বহিরাগতদের চিহ্নিতকরণের (Identification) সুবিধার্থে কর্মকর্তা/কর্মচারীগণ বোর্ড কর্তৃক প্রদানকৃত নির্দিষ্ট ড্রেস পরিধান করে দপ্তরে/কর্মস্থলে হাজির হবেন। অন্যথায়, তারা দপ্তর/কর্মস্থলে অনুপস্থিত বলে গণ্য হবেন এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ০১/০৯/২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকারীতা দিয়ে স্মারক নং-১০৪-বিউবো(শ্রম)/১/বিবিধ-৬/২০১৬, তারিখঃ ২৮/০৭/২০১৬ খ্রিঃ মোতাবেক একটি বিজ্ঞপ্তি জারী করা হয় (অপর পৃষ্ঠায় ছাপাকৃত) এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রনকারী কর্মকর্তাকে বিষয়টির যথাযথ বাস্তবায়নের নির্দেশ প্রদান করা হয়।

কিন্তু এতদসত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, বিষয়টির যথাযথ বাস্তবায়ন হচ্ছে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, বোর্ড কর্তৃক প্রদানকৃত পোষাক পরিধান করে দপ্তরে আসা বোর্ডের আচরণ ও শৃংখলা বিধির আওতায় পড়ে, যা প্রতিপালন করা সংশ্লিষ্ট সকলের দায়িত্ব ও কর্তব্য।

এমতাবস্থায়, আগামী ০১/১০/১৬ খ্রিঃ তারিখ হতে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় পোষাক প্রাপ্য সংশ্লিষ্ট সকল কর্মচারীসহ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ সার্কেল/বিভাগে কর্মরত পোষাক প্রাপ্ত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বোর্ড কর্তৃক প্রদানকৃত নির্দিষ্ট পোষাক পরিধান করে দপ্তরে/কর্মস্থলে উপস্থিত হওয়ার বিষয়টি বাধ্যতামূলক করা হলো। অন্যথায়, যে সকল পোষাক প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বোর্ড কর্তৃক প্রদত্ত পোষাক পরিধান না করে কর্মস্থলে উপস্থিত হবেন, তিনি কর্মস্থলে অনুপস্থিত বলে গণ্য হবেন এবং তাঁর বিরুদ্ধে দপ্তর প্রধান আচরণ ও শৃংখলা পরিপন্থী কাজ হিসাবে গণ্য করে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

পোষাক প্রাপ্য সংশ্লিষ্টদের কে তাদের প্রাপ্যতা অনুযায়ী যথাসময়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান দাপ্তরিকভাবে পোষাক সরবরাহ নিশ্চিত করবেন। কোন দপ্তর যদি পোষাক সরবরাহ না করে সংশ্লিষ্টদেরকে নগদ অর্থ প্রদান করেন, সেক্ষেত্রে প্রমাণ সাপেক্ষে দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

“বিষয়টি অতীব জরুরী”

নির্দেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মিনা মাসুদ উজ্জামান)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,
ঢাকা।


বিতরণঃ-

সকল দপ্তর প্রধান (নির্বাহী প্রকৌশলী ও সমপদমর্যাদা পর্যায় পর্যন্ত), বিউবো

.....

স্মারক নং-২২-বিউবো(শ্রম)/১/বিবিধ-৬/২০১৬

তারিখঃ ২১/০৯/২০১৬খ্রিঃ


উপ-পরিচালক-১

শ্রম ও কল্যাণ পরিদপ্তর

বিউবো, ঢাকা
ফোন : ৭১২৬১৪২



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
BANGLADESH POWER DEVELOPMENT BOARD

অফিসঃ
শ্রম ও কল্যাণ পরিদপ্তর
ওয়াপদা বিল্ডিং (১০ম/১১শতলা)
মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

স্মারক নং-১০৪- বিউবো(শ্রম)/১/বিবিধ-৬/২০১৬

তারিখঃ- ২৮/০৭/২০১৬খ্রিঃ

“বিজ্ঞপ্তি”

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল দপ্তর/বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও স্থাপনা সমূহের সার্বিক নিরাপত্তা এবং বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও বহিরগতদের চিহ্নিতকরণের (Identification) সুবিধার্থে কর্মকর্তা/কর্মচারীগণ বোর্ড কর্তৃক প্রদানকৃত নির্দিষ্ট ড্রেস পরিধান করে দপ্তরে/কর্মস্থলে হাজির হবেন। অন্যথায়, তারা দপ্তর/কর্মস্থলে অনুপস্থিত বলে গণ্য হবেন এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় শৃংখলামূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

অত্রাদেশ ০১/০৯/২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রনকারী কর্মকর্তা বিষয়টির যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করবেন।

বোর্ডের নির্দেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ উবায়দুল হক)
পরিচিতি নং-২-০১২০
উপ-পরিচালক-১
শ্রম ও কল্যাণ পরিদপ্তর
বিউবো, ঢাকা
ফোন : ৭১২৬১৪২

১৮-০৭-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত
১৬৭৩ তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্ত।

বিতরণ :-

সকল দপ্তর প্রধান (নির্বাহী প্রকৌশলী ও সমপদমর্যাদা পর্যায় পর্যন্ত), বিউবো